

তারিখ : ১৭ জানুয়ারি, ২০২৩

স্মারক নং : রিহাব/আইন/মেম্বার/বার্ষিক টাঁদা/০১/২০২৩/১২১২৪

বরাবর,

সম্মানিত সদস্য

রিহাব।

বিষয় : রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২৩ যথাসময়ে পরিশোধ প্রসঙ্গে।

জনাব,

রিয়েল এস্টেট এ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহাব)-এর পক্ষ থেকে শুভেচ্ছা নিন।

আপনার রিয়েল এস্টেট ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২৩ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আগামী ৩১ মার্চ, ২০২৩ এর মধ্যে রিহাব “হিসাব বিভাগ”-এ জমার অনুরোধ করছি।

উল্লেখ্য, রিহাব এর “মেমোরেভাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন” অনুযায়ী কোন সম্মানিত রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান চলতি ২০২৩ সালের সাবস্ক্রিপশন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ৩১ মার্চ, ২০২৩ এর মধ্যে পরিশোধ করতে সমর্থ না হলে “পরবর্তীতে” রিহাব সংঘবিধির IIB1 অনুচ্ছেদ মোতাবেক নির্ধারিত বিলম্ব ফি সহ নিম্নোক্ত হিসাবে পরিশোধ করতে পারবেন:-

(ক) বিলম্ব ফি ৫,০০০/- টাকা সহ (২৫,০০০+৫,০০০) মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ এপ্রিল, ২০২৩ এর মধ্যে পরিশোধ করা হয়।

(খ) বিলম্ব ফি ৭,৫০০/- টাকা সহ (২৫,০০০+৭,৫০০) মোট ৩২,৫০০/- (বত্রিশ হাজার পাঁচ শত) টাকা; যদি ৩১ মে, ২০২৩ এর মধ্যে পরিশোধ করা হয়।

(গ) বিলম্ব ফি ১০,০০০/- টাকা সহ (২৫,০০০+১০,০০০) মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা; যদি ৩০ জুন, ২০২৩ এর মধ্যে পরিশোধ করা হয়।

যদি কোন সম্মানিত রিহাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠান সর্বশেষ ৩০ জুন, ২০২৩ এর মধ্যে চলতি ২০২৩ সালের রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন বিলম্ব ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধ করতে ব্যর্থ হন; তাহলে রিহাব সংঘ-বিধির IIB অনুচ্ছেদ অনুযায়ী বার্ষিক সাবস্ক্রিপশন খেলাপির কারণে উক্ত ডেভেলপার প্রতিষ্ঠানের রিহাব সদস্যপদ স্থগিত (Ceased) হয়ে যাবে।

সুতরাং আগামী ৩১ মার্চ, ২০২৩ এর মধ্যে রিহাব মেম্বারশীপ সাবস্ক্রিপশন - ২০২৩ বাবদ নির্ধারিত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে রিহাব বরাবরে পরিশোধের জন্য অনুরোধ জানাচ্ছি।

আপনার আন্তরিক সহযোগিতা “রিহাব” এর আগামী দিনের কর্মকান্ড পরিচালনায় কার্যকরী ভূমিকা রাখবে।

ধন্যবাদান্তে

আলমগীর শামসুল আলামিন

প্রেসিডেন্ট

রিহাব

অনুলিপি :

১। প্রশাসন বিভাগ/হিসাব বিভাগ, রিহাব।

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH

Head Office : NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. Tel : (+88-02) 9614607, 9614607, 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, E-mail : info@rehab-bd.org, web : www.rehab-bd.org

Chattogram Regional Office : SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram

E-mail : ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, Tel : 02334451441, 02334453884, 02334453885

